গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় শাখা

**বিষয়: মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া<br>সচিব<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৩-১০-২০২৫ |
| সময় | : | বিকাল ৪:০০ ঘটিকা |
| বিবেচ্য মাস | : | সেপ্টেম্বর, ২০২৫ |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিত সদস্য | : | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অত:পর সহকারী সচিব (সমন্বয়) সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী আগস্ট, ২০২৫ মাসের দপ্তর/সংস্থার কার্যক্রম বিষয়ে সিদ্ধান্ত ও তার বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

০২। সভায় গত ২৪-০৯-২০২৫ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনো সংশোধন, সংযোজন কিংবা বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে |
|---|---|---|---|
| ২.১ | **শ্রম অধিদপ্তরের অর্গানোগ্রাম অনুমোদন:**<br>শ্রম অধিদপ্তরের উপপরিচালক সভায় জানান,<br>• শ্রম অধিদপ্তরের আওতাধীন ‘‘চা-বাগান এলাকায় ০৭টি টি-ভ্যালিতে ৭টি নতুন শ্রম কল্যাণ কেন্দ্র স্থাপন’’ শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত ‘ডিসপেন্সারি এ্যাটেনডেন্ট’ এর ০৫টি পদ স্থায়ীকরণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক চাহিত তথ্যাদির বিপরীতে মন্ত্রণালয় হতে শ্রম অধিদপ্তরে তথ্যাদি চাওয়া হলে শ্রম অধিদপ্তর হতে তথ্যাদি পাওয়া গেছে। পরবর্তী কার্যক্রমের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। উক্ত প্রকল্পের অফিস সহায়ক এর ৬টি পদ স্থায়ীকরণের জিও অর্থ মন্ত্রণালয় কর্তৃক ২০/০৮/২০২৪ তারিখে পৃষ্ঠাঙ্কন করা হয়েছে।<br>• শ্রম অধিদপ্তরের “পরিসংখ্যান উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও পরিবীক্ষণ কোষ স্থাপন” শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত ০৭ (সাত) টি পদ ০১/০৬/২০২৫ হতে ৩১/০৫/২০২৬ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের জন্য অর্থ মন্ত্রণালয় কর্তৃক পৃষ্ঠাঙ্কন করা হয়েছে।<br>• শ্রম অধিদপ্তরের রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত ২০৯টি পদের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয় কর্তৃক ১৩৩টি পদের মেয়াদ সংরক্ষণে সম্মতি জ্ঞাপন করা হয়েছে। উক্ত ১৩৩টি পদ নিয়মিত সংরক্ষণের সম্মতির জন্য গত ০৮/০৯/২০২৫ তারিখে অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>**কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অর্গানোগ্রাম অনুমোদন:**<br>উপমহাপরিদর্শক (প্রশাসন), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর সভায় জানান, অর্গানোগ্রাম প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। মন্ত্রণালয় থেকে কতিপয় বিষয়ে সংশোধনপূর্বক পুনরায় প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়েছে। এ বিষয়ে কার্যক্রম চলমান আছে।<br><br>সভাপতি দপ্তর/সংস্থার সাংগঠনিক কাঠামো নিয়মিত হালনাগাদকরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) শ্রম অধিদপ্তরের অর্গানোগ্রাম অনুমোদনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক চাহিত তথ্যাদি প্রস্তুত করে দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; এবং<br><br>(খ) দপ্তর/সংস্থার সাংগঠনিক কাঠামো নিয়মিত হালনাগাদ করতে হবে। | ১.অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২.সকল দপ্তর/সংস্থা প্রধান<br>৪. উপসচিব (সংস্থাপন-১)<br>৫. সহকারী সচিব (সংস্থাপন-২) |

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে |
|---|---|---|---|
| ২.২ | **শূন্যপদের বিবরণ ও জনবল নিয়োগ:**<br>**শ্রম অধিদপ্তর:**<br>• শ্রম অধিদপ্তরের প্রতিনিধি জানান, ৩য় শ্রেণির সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদ পূরণের নিমিত্ত বিভিন্ন ক্যাটাগরির ৬১ (একষট্টি) টি পদের ছাড়পত্রের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে মন্ত্রণালয় থেকে কতিপয় তথ্য চেয়ে ২৯/০৯/২০২৫ তারিখে এ দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। দ্রুত সময়ে উক্ত পত্রের জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। শ্রম অধিদপ্তরের সরাসরি নিয়োগযোগ্য ৪র্থ শ্রেণির শূন্যপদে নিয়োগের নিমিত্ত ৩ (তিন) ক্যাটাগরির ০৮টি পদে মন্ত্রণালয় থেকে গত ২৪/০৯/২০২৫ তারিখে ছাড়পত্র পাওয়া গেছে। দ্রুততম সময়ের মধ্যে ৪র্থ শ্রেণির শূন্যপদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে।<br>• শ্রম অধিদপ্তরের ৩য় শ্রেণির গ্রেডেশন তালিকা সম্পন্ন করা হয়েছে। বর্তমানে বিভিন্ন পদে ২য় শ্রেণিতে পদোন্নতিযোগ্য শূন্যপদে ৩২ জনের পদোন্নতির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে সর্বশেষ মন্ত্রণালয় কর্তৃক ১৭/০৯/২০২৫ তারিখে পদোন্নতির প্রস্তাবের বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যাসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য এ দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। পত্রের জবাব শীঘ্রই প্রেরণ করা হবে।<br>• বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে শ্রম অধিদপ্তরের ১ম, ২য় ও ৩য় শ্রেণির কর্মকর্তা/কর্মচারীগণের গ্রেডেশন তালিকা চূড়ান্ত করা হয়েছে। সে মোতাবেক বর্তমানে ৩য় শ্রেণি হতে ২য় শ্রেণিতে পদোন্নতিযোগ্য শূন্যপদে ৩২ জনের পদোন্নতির প্রস্তাবের কার্যক্রম মন্ত্রণালয়ে চলমান রয়েছে। এছাড়া, শ্রম অধিদপ্তরের ৪র্থ শ্রেণির কর্মচারীগণের খসড়া গ্রেডেশন তালিকা করা হয়েছে। চূড়ান্ত গ্রেডেশন তালিকা দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করা হবে।<br>**কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর:**<br>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের বিভিন্ন গ্রেডের ৪৩৩টি পদ শূন্য রয়েছে। তন্মধ্যে ২৭৭টি সরাসরি নিয়োগযোগ্য এবং ১৫৭টি পদ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য। ৬ষ্ঠ গ্রেডের ১টি পদ, ৯ম গ্রেডের ১৪৮টি পদ, ১০ম গ্রেডের ১৪৭টি পদ, ১৩-১৬তম গ্রেডের ১০৩টি পদ এবং ২০তম গ্রেডের ৩৪টি পদ শূন্য রয়েছে। উল্লেখ্য, ১৩-২০তম গ্রেডের ৬২টি শূন্যপদে জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। মোট ৩৭,৯২৫ জন প্রার্থী আবেদন করেছেন।<br>**নিম্নতম মজুরী বোর্ড:**<br>নিম্নতম মজুরী বোর্ডের প্রতিনিধি সভায় জানান, নিম্নতম মজুরী বোর্ডের ৩য় শ্রেণির ০১টি এবং ৪র্থ শ্রেণির (নিরাপত্তা প্রহরী) ০১টি পদ শূন্য রয়েছে। সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর এবং নিরাপত্তা প্রহরী পদে সরাসরি নিয়োগের জন্য পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের পত্র অনুযায়ী সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদের জন্য অর্থ চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>**শ্রম আপীল ট্রাইব্যুনাল ও শ্রম আদালত:**<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন শ্রম আপীল ট্রাইব্যুনাল ও ১১টি শ্রম আদালতের রাজস্বখাতে ১৩-২০ গ্রেডে সরাসরি নিয়োগযোগ্য বিভিন্ন ক্যাটাগরির ৫১টি পদে টেলিটকের মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণের জন্য টেলিটক বাংলাদেশ লিমিটেড হতে প্রাপ্ত অনলাইন নিয়োগ বিজ্ঞপ্তির খসড়া টেস্ট লিংক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক গঠিত ৫ সদস্য বিশিষ্ট কারিগরি কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করা হয়েছে। অত:পর ২টি জাতীয় দৈনিকে (একটি ইংরেজি ও একটি বাংলা) টেলিটকের মাধ্যমে আবেদনপত্র গ্রহণের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি করা হয়েছে। | (১) দপ্তর/সংস্থার সরাসরি নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্যপদে নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে;<br>(২) পদোন্নতিযোগ্য শূন্যপদে পদোন্নতির কার্যক্রম দ্রুত গ্রহণ করতে হবে; এবং<br>(৩) বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে শ্রম অধিদপ্তরের গ্রেডেশন তালিকা দ্রুত চূড়ান্ত করে মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। | ১.অতিরিক্ত সচিব (প্রশাসন),<br>২. সকল দপ্তর/ সংস্থা প্রধান |

<table>
<tr><th>ক্র: নং</th><th>গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে</th></tr>
<tr><td>২.৩</td><td>ময়মনসিংহ শ্রম আদালত গঠন:<br>● যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) সভায় জানান, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ময়মনসিংহ বিভাগে গঠিত ময়মনসিংহ শ্রম আদালতের অধিক্ষেত্র নির্ধারণের প্রজ্ঞাপন গেজেটে প্রকাশের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের মাধ্যমে বিজি প্রেসে প্রেরণ করা হয়েছে। এছাড়া, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন শ্রম আপীল ট্রাইব্যুনালের সাংগঠনিক কাঠামোতে নতুন ১টি সদস্য পদ ও অন্যান্য ক্যাটাগরির ৩টি পদসহ মোট ৪টি পদ সৃজনের জন্য জিও জারি করে তা পৃষ্ঠাঙ্কনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>● উপমহাপরিদর্শক (প্রশাসন), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, ময়মনসিংহ শ্রম আদালতের অধিক্ষেত্রের আওতায় টাঙ্গাইল ও কিশোরগঞ্জ জেলা অন্তর্ভুক্ত করার জন্য উক্ত জেলার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অনুরোধ জানিয়েছেন। প্রস্তাবটি বাস্তবায়িত হলে সংশ্লিষ্ট জেলাসমূহের শ্রম আদালতে দায়েরকৃত মামলাসমূহের নিষ্পত্তি আরও সহজ ও দ্রুততর হবে এবং সরকারের আর্থিক ব্যয়ও হ্রাস পাবে।<br><br>সভাপতি ময়মনসিংহ শ্রম আদালতের অধিক্ষেত্রের আওতায় টাঙ্গাইল ও কিশোরগঞ্জ জেলা অন্তর্ভুক্ত করার বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।</td><td>(১) ময়মনসিংহ শ্রম আদালতের অধিক্ষেত্র নির্ধারণের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে;<br><br>(২) শ্রম আপিল ট্রাইব্যুনালের নতুন একটি সদস্য পদ ও তিনটি সহায়ক পদ সৃজনের জিও পৃষ্ঠাঙ্কনের জন্য অর্থ বিভাগে যোগাযোগ করতে হবে; এবং<br>(৩) ময়মনসিংহ শ্রম আদালতের অধিক্ষেত্রের আওতায় টাঙ্গাইল ও কিশোরগঞ্জ জেলা অন্তর্ভুক্ত করার বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাব প্রেরণ করতে হবে।</td><td>১.অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>৩. উপসচিব (আদালত)</td></tr>
<tr><td>২.৪</td><td>সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা:<br>যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) সভায় জানান, সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনার ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ৩০ জুলাই, ২০২৫ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। একই সাথে আরএমএস সফটওয়্যারে এন্ট্রি প্রদান করা হয়েছে। শীঘ্রই ৩য় প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০২৫) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।</td><td>সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।</td><td>১. যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)<br>২. সহকারী সচিব (সমন্বয়)</td></tr>
<tr><td>২.৫</td><td>জেলাপ্রশাসক সম্মেলন, ২০২৫ এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন:<br><br>যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) সভায় জানান, জেলাপ্রশাসক সম্মেলন, ২০২৫-এ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত ২টি মধ্যমেয়াদি সিদ্ধান্ত রয়েছে। তন্মধ্যে "শ্রমঘন এলাকা হিসেবে পরিচিত মাধবদী ও ঘোড়াশাল এলাকায় শ্রমিকদের জন্য বহুতলবিশিষ্ট আবাসন প্রকল্প বাস্তবায়ন" বিষয়ে শ্রম অধিদপ্তর কর্তৃক আবাসন প্রকল্প গ্রহণের আপাতত: কোনো পরিকল্পনা না থাকায় গত ২০ আগস্ট ২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্তটি নিষ্পত্তি হিসেবে গণ্য করা হয়েছে।<br><br>অপর সিদ্ধান্তটি "শ্রমিক অসন্তোষ নিরসনে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর-এর কাজ সম্প্রসারণ এবং 'বাংলাদেশ শ্রম আইন, ২০০৬' সময়োপযোগী করণের উদ্যোগ নিতে হবে।" এ সিদ্ধান্তটির সেপ্টেম্বর ২০২৫ মাসের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন গত ০৯ অক্টোবর, ২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।</td><td>জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।</td><td>১. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর</td></tr>
<tr><td>২.৬</td><td>ডি-নথি কার্যক্রম বাস্তবায়ন:
<table>
<tr><th>দপ্তর/সংস্থার নাম</th><th>হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নোটের সংখ্যা</th><th>ডি নথিতে নিষ্পত্তিকৃত নোটের সংখ্যা</th><th>মোট নিষ্পত্তিকৃত নোটের সংখ্যা</th><th>ডি নথিতে নোট নিষ্পত্তির হার (%)</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr>
<tr><td>শ্রম অধিদপ্তর</td><td>১০</td><td>৪৩১</td><td>৪□১</td><td>৯৭.৭৩%</td></tr>
<tr><td>কলকারখানা ও</td><td>০০</td><td>৪১৯</td><td>৪১৯</td><td>১০০%</td></tr>
</table></td><td>(ক) সংশ্লিষ্ট সকলকে ডি-নথিতে ১০০% কাজ করার সক্ষমতা অর্জন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নির্ধারিত ছকে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে; এবং<br>(খ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন</td><td>১. সকল দপ্তর/ সংস্থা প্রধান</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র: নং</th><th>গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে</th></tr>
<tr><td></td><td>
<table>
<tr><td>প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>শ্রম আপিল ট্রাইব্যুনাল</td><td>০২</td><td>২৮</td><td>৩০</td><td>৯৩%</td></tr>
<tr><td>নিম্নতম মজুরী বোর্ড</td><td>০</td><td>২৭</td><td>২৭</td><td>১০০%</td></tr>
<tr><td>বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন</td><td>২</td><td>২৩</td><td>২৫</td><td>৯২%</td></tr>
<tr><td>কেন্দ্রীয় তহবিল</td><td>০</td><td>০১</td><td>০১</td><td>১০০%</td></tr>
</table>
</td><td>কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী ডি-নথিতে শাখাভিত্তিক নিষ্পত্তিযোগ্য নথির তালিকা প্রস্তুত করে ডি-নথির মাধ্যমে সংশ্লিষ্ট নথির শতভাগ নোট নিষ্পত্তি করতে হবে।</td><td></td></tr>
<tr><td>২.৭</td><td>দপ্তর/সংস্থার অভ্যন্তরীণ প্রশিক্ষণ:<br><br>
● শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় ও এর আওতাধীন দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীগণের দক্ষতাবৃদ্ধি, কাজের সুষ্ঠু বাস্তবায়ন ও সেবার মান উন্নয়নের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থ বছরে প্রশিক্ষণ খাতের বাজেট বরাদ্দ অনুযায়ী প্রশিক্ষণের বাৎসরিক ক্যালেন্ডার চূড়ান্ত করা হয়েছে।<br>
● কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবছরে প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। ২৭৩ জন কর্মকর্তা/কর্মচারীকে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>
● নিম্নতম মজুরী বোর্ডে সেপ্টেম্বর ২০২৫ মাসে ১২ জনকে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>
● বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরের জন্য একটি অভ্যন্তরীণ প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা হয়েছে। সে অনুযায়ী অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>
● কেন্দ্রীয় তহবিলের ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী বিগত সেপ্টেম্বর, ২৫ মাসে ১৫ জন কর্মকর্তা/কর্মচারীকে ০৬ ঘন্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>
সভাপতি প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।</td><td>(ক) ২০২৫-২৬ অর্থবছরের জন্য একটি প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে এবং সে অনুযায়ী অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করতে হবে; এবং<br><br>
(খ) গতানুগতিক বিষয়ে প্রশিক্ষণ না দিয়ে কার্যকরী বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে।</td><td>১. সকল দপ্তর/সংস্থা প্রধান</td></tr>
<tr><td>২.৮</td><td>ই-সার্ভিস কার্যক্রম বাস্তবায়ন ও তথ্য বাতায়ন হালনাগাদকরণ:<br>
শ্রম অধিদপ্তর:<br>
ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারের সাথে ডি-নথির সকল ইন্টিগ্রেশন সম্পন্ন হয়েছে এবং টেস্টিং কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করে শীঘ্রই সফটওয়্যারটির লাইভ কার্যক্রম চালু করা হবে।<br>
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর:<br>
লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (LIMA) এর সাথে ডি-নথির সকল ইন্টিগ্রেশন সম্পন্ন করার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (LIMA) ভার্সন-২ ও মোবাইল অ্যাপ প্রস্তুতের বিষয়ে ILO এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>
নিম্নতম মজুরী বোর্ড:<br>
নিম্নতম মজুরী বোর্ড এর জন্য একটি পূর্ণাঙ্গ ডাটাবেজ প্রস্তুতের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করা হচ্ছে। mygov প্লাটফর্মে ‘মজুরি সংক্রান্ত তথ্য প্রদান’ নামে একটি সেবা চালু রয়েছে।</td><td>(ক) ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারের সাথে ডি-নথির সকল ইন্টিগ্রেশন ও প্রয়োজনীয় টেস্টিং সম্পন্ন করে লাইভ করার উদ্যোগ নিতে হবে;<br>
(খ) লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (LIMA) সাথে ডি-নথির সকল ইন্টিগ্রেশন ও প্রয়োজনীয় টেস্টিং সম্পন্ন করে লাইভ করার উদ্যোগ নিতে হবে;<br>
(গ) লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (LIMA) ভার্সন-২ ও মোবাইল অ্যাপ প্রস্তুতের বিষয়ে ILO এর সাথে যোগাযোগ করে দ্রুত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে;</td><td>১. সকল দপ্তর/ সংস্থা প্রধান</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র: নং</th><th>গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে</th></tr>
<tr><td></td><td>

**বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন:**
ডিজিটাইজেশন প্রক্রিয়ায় অনলাইনে আবেদন করা অংশটুকু সম্পন্ন করা হয়েছে এবং পেমেন্ট ডিজভার্সমেন্টে এর অংশ টুকু এ মাসে শেষ হবে ।

**কেন্দ্রীয় তহবিল:**
অনলাইনে আর্থিক অনুদানের আবেদন গ্রহণ ও আর্থিক সহায়তা প্রদানের জন্য একটি সফটওয়্যার প্রস্তুত করা হচ্ছে। বর্তমানে সফটওয়্যারের প্রোটোটাইপ প্রস্তুত সম্পন্ন করা হয়েছে এবং তা টেস্টিং পর্যায় চলমান আছে। ডোমেইন হোস্টিং-এর জন্য ইতোমধ্যে বিসিসি-কে পত্র প্রেরণ করা হয়েছে। GIZ-এর সহযোগিতায় অক্টোবর ২০২৫ মাসের শেষ সপ্তাহ অথবা নভেম্বর মাসের মধ্যে কেন্দ্রীয় তহবিলের অন্যান্য অংশীজনদের সমন্বয়ে এই সফটওয়্যার বিষয়ক একটি দিনব্যাপী কর্মশালা আয়োজন করা হবে।

</td><td>(ঘ) GIZ-এর সহযোগিতায় চলমান বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এবং কেন্দ্রীয় তহবিল-এর অনলাইন বেইজ সিস্টেম স্টেকহোল্ডার ভেলিডেশন ও বিসিসি সার্ভারে হোস্ট করে লাইভ করার উদ্যোগ নিতে হবে; এবং<br>(ঙ) নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক নির্ধারিত সকল সেক্টরের মজুরির একটি ডাটাবেজ মন্ত্রণালয়ের আইসিটি সেলের সহযোগিতায় প্রস্তুতের উদ্যোগ গ্রহণ করতে হবে।</td><td></td></tr>
<tr><td>২.৯</td><td>

**শ্রম আপিল ট্রাইব্যুনালের মামলা নিষ্পত্তি:**
শ্রম আপিল ট্রাইব্যুনাল ও শ্রম আদালতসমূহে সেপ্টেম্বর/২০২৫ মাসে ২১৯৫৫টি মামলা অনিষ্পন্ন রয়েছে। ৬৪১টি মামলা দায়ের করা হয়েছে এবং ৫০২টি মামলা নিষ্পত্তি করা হয়েছে।

</td><td>মামলা নিষ্পত্তির হার বৃদ্ধিতে বিচারিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মামলা নিষ্পত্তির সঠিক তথ্য প্রদত্ত ছক আকারে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</td><td>১.অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২. রেজিস্ট্রার, শ্রম আপিল ট্রাইব্যুনাল</td></tr>
<tr><td>২.১১</td><td>

**আদালতে চলমান মামলা মনিটরিং:**
(১) **কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের** মামলার পরিসংখ্যান:

<table>
<tr><th>আদালতের নাম</th><th>বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা</th><th>বিবেচ্য মাসের পূর্ব পর্যন্ত অনিষ্পন্ন মামলার সংখ্যা</th><th>মামলার মোট সংখ্যা (২+৩)</th><th>বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা</th><th>বিবেচ্য মাসের শেষ কর্মদিবসে অনিষ্পন্ন মামলার সংখ্যা (৪-৫)</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td><td>৫</td><td>৬</td></tr>
<tr><td>আপিল বিভাগ</td><td>-</td><td>০৭</td><td>০৭</td><td>-</td><td>০৭</td></tr>
<tr><td>হাইকোর্ট বিভাগ</td><td>-</td><td>৯৫</td><td>৯৫</td><td>-</td><td>৯৫</td></tr>
<tr><td>প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনা[illegible]</td><td>-</td><td>০১</td><td>০১</td><td>-</td><td>০১</td></tr>
<tr><td>প্রশাসনিক ট্রাইব্যুনাল</td><td>-</td><td>০১</td><td>০১</td><td>-</td><td>০১</td></tr>
<tr><td>শ্র[illegible] আদালত</td><td>৮৪</td><td>২৯৪২</td><td>৩০২৬</td><td>৫৪</td><td>২৯৭২</td></tr>
</table>

(খ) শ্রম অধিদপ্তরের মামলার পরিসংখ্যান:

<table>
<tr><th>নং</th><th>আদালতের নাম</th><th>মোট রজুকৃত/ দায়েরকৃত মামলা</th><th>নিষ্পন্ন</th><th>অনিষ্পন্ন</th></tr>
<tr><td>১</td><td>আপিল বিভাগ</td><td>০৩</td><td>০২</td><td>০১</td></tr>
<tr><td>২</td><td>হাইকোর্ট বিভাগ</td><td>২০৫</td><td>৪০</td><td>১৬৫</td></tr>
<tr><td>৩</td><td>শ্রম আদালত সমূহে</td><td>৫৯৩</td><td>১৮০</td><td>৪১৩</td></tr>
</table>

(গ) মহাপরিদর্শক নিয়োগকৃত মন্ত্রণালয়ের প্যানেল আইনজীবীদের সাথে দুতই একটি সভায় মিলিত হবেন।
(ঘ) বর্তমানে শ্রম অধিদপ্তর সংশ্লিষ্ট কোন আদালত অবমাননা মামলা (Contempt) বিচারাধীন নেই।

</td><td>(ক) রিট মামলাসহ অন্যান্য মামলার বিষয়ে আদালতে নিয়মিত যোগাযোগ রাখতে হবে;<br>(খ) আদালত ভিত্তিক মোট কতটি মামলা চলমান রয়েছে, মামলার বর্তমান অবস্থা, সরকারের বিপক্ষে রায়কৃত মামলা যথাসময়ে আপিল করা হয়েছে কি-না ইত্যাদির তথ্য ছক আকারে সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে;<br>(গ) মন্ত্রণালয়ের নিয়োগকৃত প্যানেল আইনজীবীদের সাথে নিয়মিত সভা করতে হবে; এবং<br>(ঘ) আদালত অবমাননা (Contempt) মামলা হলে তা তাৎক্ষণিক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে এবং মামলার বিষয়ে আদালতে যোগাযোগ রাখতে হবে।</td><td>১.অতিরিক্ত সচিব (শ্রম)<br>২. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর<br>৩. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>৪. সিনিয়র সহকারী সচিব (আইন)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র: নং</th><th>গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে</th></tr>
<tr><td>২.১০</td><td>

**অডিট আপত্তি নিষ্পত্তি:**

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তির বাস্তবায়ন অগ্রগতি নিম্নে দেওয়া হলো:

<table>
<tr><th>সংস্থার নাম</th><th>অডিট আপত্তির সংখ্যা</th><th>টাকার পরিমাণ (লক্ষ টাকায়)</th><th>ব্রডশিটে জবাবের সংখ্যা</th><th>নিষ্পত্তির সংখ্যা</th><th>জের</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td></tr>
<tr><td>কলকারখানা ও প্রতিষ্ঠান পর□দর্শন অধিদপ□তর</td><td>৬১</td><td>২৩৩৬.৯১</td><td>৪৯</td><td>-</td><td>৬১</td></tr>
<tr><td>শ্রম অধিদপ্তর</td><td>৩৫</td><td>৩৮১৬২.৭৮</td><td>৩৫</td><td>০৩</td><td>৩২</td></tr>
<tr><td>নিম্নতম মজুরী বোর্ড</td><td>০৩</td><td>৯.৫৫</td><td>০৩</td><td>-</td><td>০৩</td></tr>
<tr><td>শ্রম আপীল ট্রাইব্যুনাল</td><td>০৩</td><td>৪৯.১৯</td><td>০২</td><td>-</td><td>০৩</td></tr>
<tr><td>বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন</td><td>০৫</td><td>৪০৪২.০৭</td><td>০৫</td><td>-</td><td>০৫</td></tr>
</table>

সভাপতি দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের সফটওয়্যারে এন্ট্রিকৃত অডিট আপত্তির সাথে সমন্বয় করার নির্দেশনা প্রদান করেন।

</td><td>

(ক) আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে অডিট-আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সময়াবদ্ধ সংস্কার কর্মপরিকল্পনা গ্রহণ এবং দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন করে অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের সফটওয়্যারে এন্ট্রিকৃত অডিট আপত্তির সাথে সমন্বয় করতে হবে; এবং

(গ) স্ব স্ব দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ ও উহার অগ্রগতি ছক আকারে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।

</td><td>১.অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২. সকল দপ্তর/সংস্থা প্রধান<br>৩। যুগ্মসচিব (বাজেট)</td></tr>
<tr><td>২.১২</td><td>

**মামলা ব্যবস্থাপনা বিষয়ক সফটওয়্যার প্রস্তুত (CMS):**

**কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর**: ৩০-০৯-২০২৫ তারিখ পর্যন্ত মোট ৩৭৭৭টি মামলার তথ্য সিস্টেমে ইনপুট দেয়া হয়েছে। এর মধ্যে ঢাকা কার্যালয় থেকে ৭৬৪টি, গাজীপুর থেকে ২০৬টি, নারায়ণগঞ্জ থেকে ৬২৩টি, প্রধান কার্যালয় হতে ২০৫টি, পাবনা হতে ৯৯টি, চট্টগ্রাম থেকে ৫৭৫ টি, সিলেট থেকে ৭৭টি, টাঙ্গাইল থেকে ৮১টি, নরসিংদী থেকে ৭২টি এবং অবশিষ্ট কার্যালয়গুলো থেকে ১০৭৫টি মামলার তথ্য সিস্টেমে ইনপুট দেয়া হয়েছে।

**শ্রম অধিদপ্তর:** মামলা ব্যবস্থাপনা বিষয়ক সফটওয়্যারে ইতোমধ্যে উচ্চ আদালতে চলমান সরকারী স্বার্থ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ ০২ (দুটি) রিট পিটিশন মামলার তথ্য আপলোড করা হয়েছে।

</td><td>সকল দপ্তর/সংস্থার মামলার তথ্য ‘মামলা ব্যবস্থাপনা সফটওয়্যারে’ লিপিবদ্ধ করতে হবে।</td><td>১. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর<br>২. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>৩. আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়</td></tr>
<tr><td>২.১৩</td><td>

**জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI):**

মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর সভায় জানান, NOSHTRI পরিচালনা নীতিমালার খসড়া প্রস্তুত করা হয়েছে। দ্রুততম সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। গবেষণা নীতিমালার খসড়া চূড়ান্ত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। NOSHTRI তে পরিচালিত প্রশিক্ষণ মডিউল এবং অন্যান্য বিষয়ে বাজেট বরাদ্দের খাতওয়ারি প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

সভাপতি NOSHTRI পরিচালনা নীতিমালা এবং গবেষণা নীতিমালা দ্রুত প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন।

</td><td>

(ক) NOSHTRI পরিচালনা নীতিমালা দ্রুত প্রণয়ন করতে হবে; এবং গবেষণা নীতিমালা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক অনুমোদন প্রদান করতে হবে; এবং

(খ) NOSHTRI-তে পরিচালিত প্রশিক্ষণ মডিউল প্রণয়ন করে দ্রুত প্রেরণ করতে হবে।

</td><td>১.অতিরিক্ত সচিব (শ্রম)<br>২. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>৩. সিনিয়র সহকারী সচিব (আইন)</td></tr>
</table>

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে |
|---|---|---|---|
| ২.১৪ | **কারখানা/প্রতিষ্ঠান পরিদর্শন, লাইসেন্স প্রদান/লাইসেন্স নবায়ন ও কমপ্লায়েন্স নিশ্চিতকরণ:**<br>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রতিনিধি জানান যে,<br>● কারখানা/প্রতিষ্ঠানে নতুন লাইসেন্স প্রদান: আবেদন জেরসহ ৩১২৮টি, অনুমোদন ১৬৭৪টি এবং নবায়ন: আবেদন জেরসহ ১৫৬২১টি, অনুমোদন ৮৪৫৮টি;<br>● ঠিকাদারি লাইসেন্স ও আউট সোর্সিং এর নতুন লাইসেন্স: আবেদন-৩৫, অনুমোদন-১৪ (বর্তমান ও পূর্ববর্তী মাসসহ), কার্যক্রম চলমান-৮০, নামঞ্জুর-০ এবং নবায়ন: আবেদন-৬৭, অনুমোদন-২৩ (বর্তমান ও পূর্ববর্তী মাসসহ), কার্যক্রম চলমান-১৫৭, নামঞ্জুর-০।<br>● সারাদেশে অবস্থিত দোকানসমূহের সার্ভে করার প্রক্রিয়া চলমান রয়েছে।<br><br>সভাপতি কারখানা ও প্রতিষ্ঠানসমূহের নতুন লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট কারখানা ও প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের হালনাগাদ তথ্য লিমা (Labour Information Management Application)-তে আপলোড করা না হলে লাইসেন্স নবায়ন করা হবে না-শর্তটি সংযোজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | (ক) বিধি মোতাবেক অনলাইনে সকল লাইসেন্স প্রদান ও নবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত পরিসংখ্যান প্রত্যেক সমন্বয় সভায় ছক আকারে উপস্থাপন করতে হবে;<br>(খ) কারখানা ও প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের হালনাগাদ তথ্য লিমা (Labour Information Management Application)-তে আপলোড করা না হলে লাইসেন্স নবায়ন করা হবে না-শর্তটি কারখানা ও প্রতিষ্ঠানসমূহের নতুন লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে সংযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং<br>(গ) সারাদেশে অবস্থিত দোকানসমূহের সার্ভে করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর |
| ২.১৫ | **ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন ও সিবিএ নির্বাচন:**<br>● শ্রম অধিদপ্তরের উপপরিচালক (প্রশাসন) সভায় জানান, শ্রম অধিদপ্তর কর্তৃক সেপ্টেম্বর, ২০২৫ মাসে (১৪৯+১১১) = ২৬০টি আবেদনের মধ্যে ৪৩টি রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে, ১৭টি প্রত্যাখ্যান করা হয়েছে, নথিজাত করা হয়েছে ৪২টি, মাস শেষে ১৫৮টি আবেদন প্রক্রিয়াধীন রয়েছে।<br>● উচ্চ আদালতের নির্দেশনার পূর্বেই বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন (বি-৭৭) এর নির্বাচনী কার্যক্রম গ্রহণ করা হয়। বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন (বি-৭৭) এর নির্বাচন অনুষ্ঠানের জন্য বিদ্যমান গঠনতন্ত্র মোতাবেক গত ২৮/০৫/২০২৩ তারিখে গঠিত নির্বাচন কমিশন পুনর্গঠন করে বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গাল, মৌলভীবাজার এর উপপরিচালক জনাব মহব্বত হোসেন -কে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব প্রদান করে ০৯ (নয়) সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন পুনর্গঠন করা হয়েছে। নির্বাচন কমিশনের নিকট বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন (বি-৭৭) এর ত্রি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠানের ব্যয় নির্বাহের জন্য বিদ্যমান গঠনতন্ত্র মোতাবেক ইউনিয়নের পক্ষ হতে গত ১২/০৭/২০২৩ তারিখ নির্বাচন কমিশনের ব্যাংক হিসাবে ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা জমা করা হয়েছে।<br>● বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন (বি-৭৭) এর নির্বাচন অনুষ্ঠান-কে কেন্দ্র করে জনাব সন্ধ্যা রানী ভৌমিক–গং কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৭১৫/২০২৪ দায়ের করা হয়। | (ক) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও শ্রম বিধিমালা, ২০১৫ অনুযায়ী ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে;<br><br>(খ) ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন সেবা সংক্রান্ত তথ্য ছক আকারে প্রদান করতে হবে; এবং<br><br>(গ) উচ্চ আদালতের নির্দেশনা (যদি থাকে) ও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুসরণে চা-শ্রমিক ইউনিয়নের সিবিএ নির্বাচন দ্রুত সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, শ্রম অধিদপ্তর |
| ২.১৬ | **শিশুশ্রম নিরসনে জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়ন:**<br>উপসচিব (নারী ও শিশুশ্রম শাখা) জানান, শিশুশ্রম নিরসনে ইউনিসেফ-এর সহযোগিতায় সংশ্লিষ্ট অংশীজনদের সমন্বয়ে শিশুশ্রম নিরসনে প্রণীত জাতীয় কর্মপরিকল্পনা ২০২১-২০২৫ এর বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা বিষয়ক একটি কর্মশালা ২৮ অক্টোবর, ২০২৫ তারিখে আয়োজন করা হবে। উল্লেখ্য ইতোমধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ হতে জাতীয় কর্মপরিকল্পনা ২০২১-২০২৫ এর বাস্তবায়ন অগ্রগতির তথ্য পাওয়া গিয়েছে। | শিশুশ্রম নিরসনে জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে একটি কর্মশালা আয়োজনের মাধ্যমে গৃহীত কার্যক্রমের অগ্রগতি ও মন্ত্রণালয়ের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা অবহিতকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১.অতিরিক্ত সচিব (শ্রম)<br>২. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর<br>৩. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>৪.উপসচিব (নারী ও শিশুশ্রম শাখা) |

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে |
|---|---|---|---|
| ২.১৭ | **মজুরি নির্ধারণ/পুনঃনির্ধারণ:**<br>উপসচিব (মজুরী বোর্ড শাখা) সভায় বলেন, বেকারি বিস্কুট ও কনফেকশনারি শিল্প: বেকারি বিস্কুট ও কনফেকশনারি শিল্প সেক্টরের মজুরি নির্ধারণের সুপারিশ ২০২৫ সংশ্লিষ্ট শিল্পে নিযুক্তি শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্যের স্বাক্ষরসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নিম্নতম মজুরী বোর্ডকে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া "পোল্ট্রি শিল্প" সেক্টরে কর্মরত কর্মচারি ও শ্রমিকদের নিম্নতম মজুরীর হার নির্ধারণপূর্বক গত ১০-০৯-২০২৫ তারিখে গেজেট প্রজ্ঞাপন বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও প্রেরণ করা হয়েছে।<br>নিম্নতম মজুরী বোর্ডের প্রতিনিধি সভায় জানান, বোর্ডে ০৯টি শিল্প সেক্টরের মজুরি নির্ধারণ কাজ চলমান আছে। ৮টি শিল্পের মালিক/শ্রমিক প্রতিনিধির পদ শূন্য । ইতোমধ্যে ৫টি শিল্প সেক্টরের নিম্নতম মজুরী নির্ধারণের মেয়াদ ৫ বছর অতিক্রান্ত হয়েছে।<br>+ | (ক) যে-সকল শিল্প সেক্টরের নির্ধারিত মজুরির মেয়াদ ৫ বছর উত্তীর্ণ হয়েছে, সেগুলোর পুন:নির্ধারণ কার্যক্রম বিধি মোতাবেক দ্রুত সম্পন্ন করতে হবে; এবং<br>(খ) যেসকল শিল্প সেক্টরের মালিক/শ্রমিক প্রতিনিধির পদশূন্য রয়েছে, তা সংগ্রহ করে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর<br>২. চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড<br>৩.উপসচিব (মজুরি শাখা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ২.১৮ | **বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের অর্থ প্রাপ্তি ও অনুদান প্রদান:**<br>মহাপরিচালক, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন জানান, সেপ্টেম্বর ২০২৫ মাসে ৯৪ কোটি ৪৫ লক্ষ টাকা অর্থ প্রাপ্তি হয়েছে এবং ১৫৩৯ জনকে মোট ৬ কোটি ৭৭ লক্ষ ৫০ হাজার টাকা অনুদান প্রদান করা হয়েছে। স্থিতির পরিমাণ সর্বমোট ১৩৬৩ কোটি ৭৬ লক্ষ টাকা।<br>● এ পর্যন্ত মোট ৫৫৪টি কোম্পানি/প্রতিষ্ঠান অর্থ জমা প্রদান করেছে।<br>● এ পর্যন্ত ৩টি ক্যাটাগরিতে শ্রমিক ও শ্রমিকের পরিবারবর্গের মাঝে মৃত- ১ হাজার ৪ জনকে ৮ কোটি ৫৭ লক্ষ ২০ হাজার টাকা, চিকিৎসা সহায়তা-২৮ হাজার ৯৩৩ জনকে ১৩২ কোটি ৪৬ লক্ষ ৫৮ হাজার ৩৫৫/- টাকা এবং শিক্ষা সহায়তায় ১ হাজার ৮৮৭ জনকে ৭ কোটি ৩৯ লক্ষ ৯৫ হাজার টাকাসহ সর্বমোট ৩১ হাজার ৮২৪ জনকে ১৪৮ কোটি ৪৩ লক্ষ ৭৩ হাজার ৩৫৫/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।<br>সভাপতি মিরপুরের রূপনগর থানার শিয়ালবাড়িস্থ "আনোয়ার ফ্যাশন" নামক কারখানার পাশের রাসায়নিক গুদামে অগ্নিকাণ্ডে নিহত শ্রমিকদের ক্ষতিপূরণ প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে নির্দেশনা প্রদান করেন। | (ক) মিরপুরের রূপনগরে অগ্নিকাণ্ডে নিহত শ্রমিকদের পরিবারকে ক্ষতিপূরণের চেক প্রস্তুত করে দ্রুত বিতরণ করতে হবে; এবং<br>(খ) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ মেনে অর্থ আদায় ও অনলাইনে অনুদান প্রদানের অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ১. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>২. মহাপরিচালক, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন |
| ২.১৯ | **কেন্দ্রীয় তহবিলের অর্থ আদায় ও অনুদান প্রদান:**<br>মহাপরিচালক জানান, কেন্দ্রীয় তহবিল থেকে সেপ্টেম্বর, ২০২৫ মাসে ১০ কোটি ৭৯ লক্ষ ৪৩ হাজার ৯৯৩ টাকা অর্থ প্রাপ্তি হয়েছে। সেপ্টেম্বর, ২০২৫ মাসে আর্থিক সহায়তা প্রদান করা হয়নি। বর্তমান স্থিতির পরিমাণ সর্বমোট ৩৫১ কোটি ১৯ লক্ষ ৫৫ হাজার ৭৩৩ টাকা ৬৬ পয়সা। | কেন্দ্রীয় তহবিলে এ পর্যন্ত কতটি প্রতিষ্ঠান আর্থিক সহায়তা প্রদান করেছে বছরভিত্তিক তার তালিকা সংগ্রহপূর্বক সার্বিক অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল |
| ২.২০ | **শ্রমজীবী মহিলা হোস্টেল হস্তান্তর ও নীতিমালা প্রণয়ন:**<br>শ্রম অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান, চট্টগ্রামস্থ কালুরঘাটে নির্মিত মহিলা হোস্টেল হস্তান্তর বিষয়ে গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা সরেজমিনে পরিদর্শন করে একটি প্রতিবেদন মহাপরিচালক বরাবর দাখিল করেন। প্রতিদেবদনে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পটি শ্রম অধিদপ্তর কর্তৃক ডিপিএম পদ্ধতিতে নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য সেনা কল্যাণ সংস্থাকে নিয়োগ প্রদান করে। প্রকল্পের স্থাপত্য ও অবকাঠামোগত নকশা সেনা কল্যাণ সংস্থা কর্তৃক নিয়োজিত মেসার্স ইকো টেকচার লিমিটেড প্রণয়ন করে। যা প্রকল্প পরিচালক অনুমোদন প্রদান করেন। প্রকল্পের কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। ঠিকাদারি প্রতিষ্ঠান, সেনা কল্যাণ সংস্থা ও শ্রম অধিদপ্তরকে অবহিতপূর্বক প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। প্রতিবেদনে আরও সুপারিশ করা হয়েছে যে, বিস্তারিত প্রতিবেদন ও | (ক) চট্টগ্রামস্থ কালুরঘাটে নির্মিত শ্রমজীবী মহিলা হোস্টেল ভবন ঠিকাদারি প্রতিষ্ঠান সেনা কল্যাণ সংস্থা হতে শ্রম অধিদপ্তরের নিকট হস্তান্তরের বিষয়ে সংশ্লিষ্ট সকল পক্ষের সাথে যোগাযোগপূর্বক দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং<br>(খ) শ্রমজীবী মহিলা হোস্টেল ভবন পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত নীতিমালার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ১. অতিরিক্ত সচিব (শ্রম)<br>২.মহাপরিচালক, শ্রম অধিদপ্তর<br>৩.যুগ্মসচিব (উন্নয়ন অনুবিভাগ)<br>৪. উপসচিব (শ্রম)<br>৫. সিনিয়র সহকারী সচিব (আইন) |

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে |
|---|---|---|---|
| | মতামত প্রণয়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের নেতৃত্বে একটি কমিটি গঠন করা যেতে পারে।<br><br>সভাপতি চট্টগ্রামস্থ কালুরঘাটে নির্মিত শ্রমজীবী মহিলা হোস্টেল ভবন সেনা কল্যাণ সংস্থা হতে শ্রম অধিদপ্তরের নিকট হস্তান্তরের বিষয়ে সংশ্লিষ্ট সকল পক্ষের সাথে যোগাযোগপূর্বক দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | | |
| ২.২১ | **অনিষ্পন্ন বিষয়:**<br>● শ্রম অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান, শ্রম অধিদপ্তরের আওতাধীন ঢাকার মতিঝিলস্থ পুরাতন শ্রম ভবনের কাঠামোগত মূল্যায়ন (Structural Assessment) এর প্রতিবেদন দাখিল ও প্রতিবেদন যাচাই-বাছাই করার নিমিত্ত ০৯/০৯/২০২৫ তারিখ গণপূর্ত অধিদপ্তর-এর প্রতিনিধির উপস্থিতিতে মহাপরিচালক, শ্রম অধিদপ্তর এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br>● ৪নং রাজউক এ্যাভিনিউ, ঢাকায় অবস্থিত পুরাতন শ্রম ভবন-এর জমির খতিয়ান ও ম্যাপ উত্তোলন করা হয়েছে। উক্ত জমির মালিক হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, গৃহায়ন ও গণপূর্ত বিভাগ, ঢাকা- এর নামে রেকর্ডভুক্ত করা আছে। উক্ত রেকর্ড সংশোধন করে 'মহাপরিচালক, শ্রম অধিদপ্তর'- এর নামে নামজারি করার প্রক্রিয়া শুরু করা হয়েছে।<br><br>সভাপতি বলেন, ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান (সচিব) মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ বিষয়ে একটি আধা-সরকারি পত্র প্রদান করেছেন। তিনি দপ্তর/সংস্থার নিকট কোনো বকেয়া ভূমি উন্নয়ন কর, পাওনা থাকলে সেটা নিরূপণ করে পরিশোধ এবং সকল স্থায়ী সম্পত্তি Asset Register-এ সংরক্ষণ করে সকল দলিলপত্র সমূহ একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তত্ত্বাবধানে সংরক্ষণের নির্দেশনা প্রদান করেন। | (ক) ঢাকার মতিঝিলস্থ পুরাতন শ্রম ভবনটি পুনরায় ব্যবহার উপযোগীর বিষয়ে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর ও বুয়েট হতে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনাপূর্বক পরবর্তী করণীয় সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে;<br>(খ) শ্রম ভবনের জমিটি সরকারের খাস খতিয়ান হতে কর্তন করে মহাপরিচালক, শ্রম অধিদপ্তর-এর নামে জরুরিভিত্তিতে নামজারির ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং<br>(গ) দপ্তর/সংস্থার নিকট কোনো বকেয়া ভূমি উন্নয়ন কর, পাওনা থাকলে সেটা নিরূপণ করে পরিশোধ করতে হবে; এবং<br>(ঘ) সকল স্থায়ী সম্পত্তি সংরক্ষণের জন্য Asset Register থাকতে হবে এবং সকল দলিলপত্র সমূহ একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তত্ত্বাবধানে সংরক্ষণ করতে হবে। | ১.মহাপরিচালক, শ্রম অধিদপ্তর<br>২, মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>৩.উপসচিব (সংস্থাপন-১)<br>৪. সহকারী সচিব (সংস্থাপন-২), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ২.২২ | **বিবিধ:**<br>"কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর" এর পরিবর্তে অধিদপ্তরের নামকরণ "শ্রম পরিদর্শন অধিদপ্তর (Labour Inspection Department)" করার বিষয়ে পরবর্তী সভায় উপস্থানের জন্য নির্দেশনা প্রদান করেন | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নামকরণ "শ্রম পরিদর্শন অধিদপ্তর (Labour Inspection Department)" করার বিষয়টি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১, মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>২. উপসচিব (সংস্থাপন-১)<br>৩. সহকারী সচিব (সমন্বয়) |

৩। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত**
**২৯/১০/২০২৫**
**(ড. মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া)**
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়